
দৈনিক ইনকিলাব

১৮

তারিখ ... AUG 3 1 1999 ...
পৃষ্ঠা ..১০.. কলাম ..১..



## গ্রন্থাগার বিজ্ঞান অধ্যাপক আহমদ হোসাইনের আজ তৃতীয় মৃত্যুবার্ষিকী

প্রেস বিজ্ঞপ্তি ঃ আজ বাংলাদেশ কেন্দ্রীয় গণগ্রন্থাগারের প্রথম গ্রন্থাগারিক ও ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশের সাবেক পরিচালক এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগার বিজ্ঞান বিভাগের অধ্যাপক ইস্ট পাকিস্তান স্কুল টেক্সট বুক বোর্ডের সেক্রেটারি ও বাংলাদেশ গ্রন্থাগার সমিতির সাবেক সভাপতি, প্রথিতযশা শিক্ষাবিদ, বহু ভাষাবিদ, প্রখ্যাত গবেষক ও ইসলামী চিন্তাবিদ, ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ কর্তৃক প্রকাশিত কুরআনুল কারীমের অনুবাদক ও 'ইসলামী বিশ্বকোষ' সম্পাদক মণ্ডলীর অন্যতম সদস্য অধ্যাপক আহমদ হোসাইনের তৃতীয় মৃত্যুবার্ষিকী।

অধ্যাপক আহমদ হোসাইন চট্টগ্রাম জেলার আনোয়ারা থানার হাইলধর গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে ১৯০৯ সালের ২ সেপ্টেম্বর জন্মগ্রহণ করেন। অধ্যাপক আহমদ হোসাইন ছিলেন বাংলাদেশে গণগ্রন্থাগার বিকাশের পথিকৃৎ। একমাত্র তারই অক্লান্ত পরিশ্রমে ১৯৫৫-৬২ সালে বাংলাদেশ কেন্দ্রীয় গণগ্রন্থাগার এবং সমস্ত বিভাগীয় জেলা শহরে গণগ্রন্থাগার প্রতিষ্ঠিত হয়।

অত্যন্ত মেধাবী অধ্যাপক আহমদ হোসাইন কৃতিত্বপূর্ণ শিক্ষাজীবনের অধিকারী ছিলেন। তিনি ম্যাট্রিকুলেশন ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ১ম বিভাগে ১ম এবং ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ১৯৩১ সালে ইসলামিক স্টাডিজ বিভাগে বিএ (অনার্স) ১ম শ্রেণীতে ১ম এবং ১৯৩২ সালে এমএ ১ম শ্রেণীতে ১ম স্থান অধিকার করেন এবং স্বর্ণপদক লাভ করেন। ১৯৫৫ সালে তিনিই প্রথম যুক্তরাষ্ট্রের 'কলম্বিয়া ইউনিভার্সিটি' থেকে গ্রন্থাগার বিভাগে ১ম শ্রেণীতে এমএস ডিগ্রী লাভ করেন। উল্লেখ্য যে, এই আমলে তিনিই প্রথম গ্রন্থাগার বিজ্ঞানে এ ডিগ্রী লাভ করেন। অধ্যাপক আহমদ হোসাইন ১৯৯৬ সালের ৩১ আগস্ট ঢাকা বারডেম হাসপাতালে ৮৮ বছর বয়সে ইন্তেকাল করেন।